

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৩৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমামের জন্য মুস্তাহাব হলো সালাতের প্রথম দুই রাকাত দীর্ঘ করা আর শেষের দুই রাকাত হালকা করা

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْإِمَامِ أَنْ يُطَوِّلَ الْأُولَيَيْنِ مِنْ صَلَاتِهِ وَيُقَصِّرَ فِي الْأُخْرَيَيْنِ مِنْهَا

## আরবী

2137 \_ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي عَوْنٍ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: قَالَ عُمَرُ لِسَعْدِ: قَدْ شَكَاكَ أَهْلُ الْكُوفَةِ فِي كُلِّ شَيْءٍ حَتَّى فِي عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: قَالَ عُمَرُ لِسَعْدِ: قَدْ شَكَاكَ أَهْلُ الْكُوفَةِ فِي كُلِّ شَيْءٍ حَتَّى فِي الله صلى الصَّلَاةِ فَقَالَ: أُطِيلُ الْأُولَيَيْنِ وَأَحْذِمُ فِي الْأُخْرَيَيْنِ وَمَا آلُو مِنْ صَلَاةِ رسول الله صلى الله عليه وسلم فقال: ذَاكَ الظَّنُ بِكَ.

أَبُو عَوْنٍ اسْمُهُ مُحَمَّدُ بن عبيد الله.

الراوي: جَابِر بْن سَمُرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2137 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (765)

## বাংলা

২১৩৭. জাবির বিন সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "উমার রাদিয়াল্লাহু আনহু সা'দ রাদিয়াল্লাহু আনহুকে বলেন, "কুফাবাসীরা আপনার সব বিষয়ে অভিযোগ করেছে এমনকি সালাতের ব্যাপারেও!" জবাবে সা'দ রাদিয়াল্লাহু আনহু বলেন, "আমি সালাতের প্রথম দুই রাকা'আত দীর্ঘ করি এবং শেষ দুই রাকা'আত হালকা করি। আর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মতো আদায় করতে মোটেও ক্রটি করি না।" তখন উমার রাদিয়াল্লাহু আনহু বলেন, "আপনার ব্যাপারে আমার ধারণাও তো এমনি।"[1]

হাদীসের রাবী আবু আওনের নাম মুহাম্মাদ বিন উবাইদুল্লাহ।"

## ফুটনোট



[1] সহীহ মুসলিম: ৪৫৩; মুসনাদ আহমাদ: ১/১৮০; আত তায়ালিসী: ২১৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৭০৬; সহীহ আল বুখারী: ৭৫৫; নাসাঈ: ২/১৭৪; আবূ আওয়ানা: ২/১৪৯; তাবারানী আল কাবীর: ৩০৮; সুনান বাইহাকী: ২/৬৫; সহীহ ইবনু খুযাইমাহ: ৫০৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন